

বিশেষ অনুশীলন-১

শ্রেণি: পঞ্চম

বিষয়: প্রাথমিক বিজ্ঞান (অধ্যায় ১ থেকে ৪)

সময়: ১ ঘণ্টা ১৫ মিনিট

পূর্ণমান: ৫০

১। শূন্যস্থানের উপযুক্ত শব্দটি খাতায় লেখ:

১×১০=১০

- ক) উদ্ভিদ আবার অনেক ----- আবাসস্থল।  
খ) -----জন্য বাসস্থান, আসবাবপত্র, পোশাক, যন্ত্রপাতি ইত্যাদি প্রয়োজন।  
গ) ----- দূষণ মানুষের মানসিক সমস্যার সৃষ্টি করে।  
ঘ) -----সংরক্ষণের অন্যতম প্রধান উপায় হচ্ছে জনসচেতনতা বৃদ্ধি করা।  
ঙ) বাষ্প থেকে-----পরিণত হওয়াকে ঘনীভবন বলে।  
চ) ----- লাগানোর মাধ্যমে বায়ু দূষণ মুক্ত রাখতে পারি।  
ছ) -----যন্ত্রে কার্বন ডাই অক্সাইড ব্যবহার করা হয়।  
জ) পানি প্রাণীর খাদ্য ----- সাহায্য করে।  
ঝ) ----- পড়ে থাকা ময়লা কুড়িয়ে সমুদ্রের পানি পরিষ্কার রাখা যায়।  
ঞ) মাটি দূষণের ফলে জমির ----- নষ্ট হয়।

২। মিলকরণ:

২×৫=১০

|                      |  |
|----------------------|--|
| ১। হাসপাতালের বর্জ্য | পাখি ও মৌমাছি                                  |
| ২। এসিড বৃষ্টির কারণ | বায়ু দূষণ                                     |
| ৩। পরাগায়ন          | কাঠবিড়ালি                                     |
| ৪। অক্সিজেন          | মাটি ও পানি দূষণ                               |
| ৫। ব্লিচিং পাউডার    | পানি ফুটাতে<br>শ্বাসকষ্টের রোগী<br>নিরাপদ পানি |

৩। সংক্ষেপে উত্তর দাও:

২×৬=১২

- ক) বায়ুদূষণ প্রতিরোধের ২টি উপায় লেখ।  
খ) খাদ্য সংরক্ষণে ব্যবহৃত গ্যাসেটির আরও ১টি ব্যবহার লেখ। ১+১  
গ) অনিরাপদ পানির ২টি উদাহরণ দাও।  
ঘ) বৃষ্টির পর মাটিতে জমে থাকা পানি কোথায় যায়?  
ঙ) পরিবেশ সংরক্ষণের ২টি উপায় লেখ।  
চ) বাস্তুসংস্থান কাকে বলে?

৪। রচনামূলক প্রশ্ন:

৬×৩=১৮

- ক) খাদ্যজাল কাকে বলে? খাদ্যজাল ও খাদ্যশৃঙ্খলের মধ্যে পার্থক্য লেখ। ১টি খাদ্যশৃঙ্খলের উদাহরণ দাও। ১+৪+১  
খ) পানির ২টি উৎসের নাম লেখ। উদ্ভিদের জীবনে পানির প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২+৪  
গ) বায়ুদূষণে কারণ কী? রিসাইকেল প্রক্রিয়ার মাধ্যমে কীভাবে বায়ুদূষণ কমানো যায়? ২+৪